# বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# বিআরটিসি’র বাস ডিপোর কার্যক্রম




## বাস ডিপো

বর্তমানে বিআরটিসি’তে মোট বাস ডিপোর সংখ্যা ২২টি। দিনাজপুর বাস ডিপোর নিয়ন্ত্রণে বাংলাবান্ধা ও বগুড়া বাস ডিপোর নিয়ন্ত্রণে সিরাজগঞ্জ সাব ডিপো চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন।

## বাস বহর

১৯৬১ সাল থেকে বিআরটিসি সরকার কর্তৃক নির্ধারিত হারে উন্নত নিরাপদ যাত্রী সেবা করে আসছে। বর্তমানে বিআরটিসি বাসবহরে বিদ্যমান ১৬০০টি বাস রয়েছে, তন্মধ্যে ১১৯৫টি বাস চলমান এবং অবশিষ্ট ৩০০টি বাস মেরামতপূর্বক সচল করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এই সচল বাসবহর দিয়ে বিআরটিসি নিয়মিত যাত্রীসেবা প্রদানের পাশাপাশি হরতাল, অবরোধ, প্রাকৃতিক দূর্যোগসহ বিভিন্ন প্রতিকূলতায় যাত্রীসেবা প্রদান করে যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে ৫ কোটি ৩ লক্ষ ৬ হাজার যাত্রী বিআরটিসি’র পরিবহন সেবা গ্রহণ করেছে।

# সিটি বাস সার্ভিস

দেশের বৃহৎ শহরে যাত্রী সাধারণের চলাচলের সুবিধার্থে বিআরটিসি সচল বাস দিয়ে সিটি সার্ভিস পরিচালনা করছে। সরকার নির্ধারিত ভাড়ায় নিরাপদে ও নিশ্চিন্তে যাত্রীসেবা প্রদানের লক্ষ্যে বিআরটিসি ঢাকা শহরের ৪১টি বিভিন্ন রুটে বিভিন্ন মডেলের ৩০০টি বাস ও চট্টগ্রাম শহরে ০১টি রুটে ০৯টি দ্বিতল বাস সিটি বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে। এতে শহরের যাত্রীগণ নির্ধারিত ভাড়ায় নিরাপদে ভ্রমন সুবিধা পাচ্ছে।




সিটি সার্ভিস বাস

# চক্রাকার বাস সার্ভিস

যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি চক্রাকার বাস সার্ভিস চালু করেছে। একস্থান থেকে অন্যস্থানে সার্ভিসটি চালু করা হয়। শহরের মোহাম্মদপুর-পলাশী, দিয়াবাড়ী-মতিঝিল, উত্তরা খালপার-পঞ্চবটি রুটে বিআরটিসি’র ০৭টি দ্বিতল/চায়না বাস দ্বারা চক্রাকার বাস সার্ভিসটি চালু করা হয়েছে। যাত্রী চাহিদার প্রেক্ষিতে পরবর্তীতে এ সার্ভিসে বাস সংখ্যা আরও বৃদ্ধি করা হবে।

## আন্তঃজেলা বাস সার্ভিস

বিআরটিসি সচল বাস বহর দিয়ে দেশের জেলা/উপজেলাসহ প্রত্যন্ত অঞ্চলেও সুলভ মূল্যে নিরাপদ যাত্রী সেবা প্রদান করছে। সিটি সার্ভিসের পাশাপাশি দেশের ১৬৩টি বিভিন্ন রুটে বিআরটিসি'র বিভিন্ন মডেলের (এসি, নন এসি ও টিসি/টাটা বাস) ৪২০টি বাস চলাচল করছে। তাছাড়া ২৫/০৬/২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা বহুমুখী সেতু উদ্বোধনের প্রেক্ষিতে ১৬/০৬/২০২২ তারিখ হতে ঢাকা হতে স্বপ্নের পদ্মা সেতু দিয়ে দক্ষিণবঙ্গের বিভিন্ন রুটে বিআরটিসি বিভিন্ন মডেলের বাস সার্ভিস চালু করেছে। এতে যাত্রীসাধারণ সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ায় নিরাপদে গন্তব্যে পৌঁছতে পারছে।




আন্তঃজেলা সার্ভিস বাস

## আন্তর্জাতিক বাস সার্ভিস

দেশের ভৌগলিক সীমানা পেরিয়ে বিআরটিসি আন্তাজার্তিক অঙ্গানেও যাত্রীসেবা প্রদানের মাধ্যমে অনন্য ভূমিকা রেখেছে। দেশের অভ্যন্তরে বিআরটিসি বাসের মাধ্যমে যাত্রীসেবা প্রদানের পাশাপাশি প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে গত ০৯/০৭/১৯৯৯ তারিখ হতে ঢাকা-কোলকাতা-ঢাকা রুটে বিআরটিসি'র ০২টি বাস দ্বারা আন্তজার্তিক বাস সার্ভিস চালু করা হয়। পরবর্তীতে যাত্রীসাধারণের চাহিদার প্রেক্ষিতে ক্রমান্বয়ে আগরতলা-ঢাকা-কোলকাতা, ঢাকা-শিলং-গৌহাটি-ঢাকা, ঢাকা-খুলনা-কোলকাতা ও ঢাকা-আগরতলা-ঢাকাসহ মোট ০৫টি আন্তর্জাতিক রুটে বিআরটিসি'র বাস চলাচল

করত। কিন্তু বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে বাস চলাচল বন্ধ ছিল। গত ১০/০৬/২০২২ তারিখ হতে পুনরায় ঢাকা-কোলকাতা-ঢাকা, আগরতলা-ঢাকা-কোলকাতা, ঢাকা-খুলনা-কোলকাতা ও ঢাকা-আগরতলা-ঢাকা আন্তর্জাতিক ৪টি রুটে বিআরটিসি’র বাস চলাচল করছে। এতে যাত্রীসেবার পাশাপাশি দুই দেশের মধ্যে সৌহার্দ্য ও আন্তঃসম্পর্ক বৃদ্ধি পেয়েছে।









আন্তজার্তিক রুটে পরিচালিত বাস

# স্টাফ বাস সার্ভিস

- ❖ সিটি ও আন্তঃজেলা রুটে বিআরটিসি বাস পরিচালনার পাশাপাশি সচিবালয়সহ বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সকল গ্রেডের কর্মচারীদের অফিসে যাতায়াতের সুবিধার্থে ১৬৪টি রুটে বিআরটিসি’র ২০২টি বাস স্টাফ বাস হিসেবে পরিচালিত হচ্ছে।
- ❖ ঢাকাসহ সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি’র ১৮১টি বাস ৮৫টি রুটে নিয়মিত চলাচল করছে। ফলে শিক্ষার্থী যথাসময়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছতে সুবিধা হচ্ছে।




**স্টাফ বাস**

# মহিলা বাস সার্ভিস

বর্তমানে ঢাকা ও চট্টগ্রাম শহরের বিভিন্ন রুটে কর্মজীবীসহ ও অন্যান্য মহিলাদের বিভিন্ন গন্তব্যে আনা-নেয়ার জন্য বিআরটিসি’র ২৩টি বাস ২০টি রুটে মহিলা বাস সার্ভিস পরিচালনা করা হচ্ছিল। কিন্তু ২৩/০৩/২০২০ তারিখ হতে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে মহিলা বাস সার্ভিস বন্ধ থাকে। বর্তমানে ০৯টি ভিন্ন ভিন্ন রুটে ০৯টি বিআরটিসি’র বাস মহিলা বাস সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে।




**মহিলা বাস**

# স্কুল/কলেজ বাস সার্ভিস

ঢাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদে যাতায়াতের সুবিধার্থে এয়ারপোর্ট-শহীদ রমিজ উদ্দিন স্কুল রুটে ০১টি বাস এবং চট্টগ্রাম শহরের শিক্ষার্থীদের স্বল্প ভাড়ায় ও নিরাপদে যাতায়াতের জন্য ১০টি বিআরটিসি’র বাস স্টুডেন্ট সার্ভিস হিসেবে পরিচালিত হচ্ছে।

# ঢাকা নগর পরিবহন বাস রুট পাইলটিং এর শুভ উদ্বোধন

## ঢাকা নগর পরিবহন সার্ভিস

ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization করে একক কোম্পানীর মাধ্যমে ডিটিসিএ কর্তৃক বাস পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত হয়ে এবং ঢাকা দক্ষিণ ও উত্তর সিটির মাননীয় মেয়র ও বিআরটিসি সম্মানিত চেয়ারম্যান সরাসরি উপস্থিত হয়ে গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকা নগর পরিবহন উদ্বোধন করা হয়। নারায়ণগঞ্জ ও মোঃপুর ডিপোর নিয়ন্ত্রণে ৩০ টি দ্বিতল বাস দিয়ে মোঃপুর হতে ঘাটারচর পর্যন্ত রুটে এ সার্ভিস পরিচালনা করা হচ্ছে। যাত্রীসাধারণের সুবিধার্থে সার্ভিসটিতে ই-টিকেটিং সিস্টেম চালু করায় নির্দিষ্ট ভাড়ার অতিরিক্ত ভাড়া দিতে হয় না। উক্ত সার্ভিসে নির্দিষ্ট কাউন্টার ব্যতিত যাত্রী উঠানামা করা হয় না। ফলে যাত্রীসাধারণ সুশৃঙ্খলভাবে বাসে উঠতে পারে, আরামদায়ক ও নিরাপদে ভ্রমণ করতে পারে। শীগ্রই আরও ০২টি রুটে এ সেবা চালু করা হবে।

| রুটের স্টপেজসমূহ | |
|---|---|
| **আপ** | **ডাউন** |
| ঘাটারচর-বসিলা-মোঃপুর থানা-সিটি কলেজ-শাহবাগ- মতিঝিল- টিকাটুলি- যাত্রাবাড়ী-শনিরআখড়া- সাইনবোর্ড- কাঁচপুর | কাঁচপুর- সাইনবোর্ড- যাত্রাবাড়ী- টিকাটুলি- মতিঝিল-শাহবাগ- এলিফ্যান্ট রোড- জিগাতলা- শারিক শিক্ষা কলেজ- বসিলা- ঘাটারচর |




ঢাকা নগর পরিবহন সার্ভিস এর শুভ উদ্বোধন

# গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার উদ্বোধন

গত ২৫/০৬/২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু শুভ উদ্বোধনের প্রেক্ষিতে ঢাকা-দক্ষিণবঙ্গের সাথে যোগযোগের সুবিধার্থে পদ্মা সেতু দিয়ে বিভিন্ন রুটে বিআরটিসি'র বাস চলাচলের জন্য গত ২৬/০৬/২০২২ তারিখ মাননীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার উদ্বোধন করা হয়।




গুলিস্তান ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার